সকল বোর্ড-২০১৫

## বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

বিষয় কোড : | ১ | ৫ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶ শাহজাহান সাহেব সরকারি উচ্চপদস্থ কর্মকর্তা। সুযোগ পেলেই তিনি ছেলে সাইফ ও মেয়ে সিফাতকে নিয়ে দেশের বিভিন্ন স্থানে আবিষ্কৃত প্রত্নতত্ত্ব নিদর্শন দেখাতে নিয়ে যান। ওরা সেসব স্থানে গিয়ে প্রাচীনকালের তালপাতায় লিখা পত্রিকা, সরকারি নির্দেশনামা, বিভিন্ন বংশের রাজাদের জীবনী সম্বলিত পুস্তক দেখতে পায়। এছাড়াও শাহজাহান সাহেব অবসর সময়ে ছেলেমেয়ের সাথে নিজ দেশের গৌরবময় ইতিহাস নিয়ে আলোচনা করেন। কারণ তিনি চান তার সন্তানেরা নিজ দেশের প্রাচীন অবস্থা ও ইতিহাস সম্পর্কে জানুক এবং জ্ঞানের সমৃদ্ধ হয়ে খাঁটি বাঙালি হিসেবে গড়ে উঠুক।

ক. ইতিহাসের উপাদান কয়টি? ১

খ. ভৌগোলিক অবস্থানগত ইতিহাস বলতে কী বোঝায়? ২

গ. সিফাত ও সাইফের দেখা প্রত্নতত্ত্ব নিদর্শনগুলো ইতিহাসের কোন ধরনের উপাদান? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সিফাত ও সাইফকে দেশ সম্পর্কে জানতে হলে ইতিহাস পাঠ অতীব জরুরি'- উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২. ▶ মধুপুর অঞ্চলটি বহু প্রাচীনকাল থেকেই সমৃদ্ধ। এটি নিজ রাজ্যভুক্ত করতে পার্শ্ববর্তী অনেক রাজাই তৎপর। অঞ্চলটি দখল করতে প্রথমে যুদ্ধ বাঁধে সোনাপুর ও রূপনগর রাজ্যের রাজাদের মধ্যে। এতে সোনাপুরের রাজা পরাজিত হন। কিছুদিনের মধ্যেই রূপনগরের রাজাকে পরাজিত করে মধুপুর করায়ত্ব করেন নূরগঞ্জের রাজা। কিন্তু তিনি বিজিত অঞ্চলে দীর্ঘদিন অবস্থান করতে পারেননি। তিনি নিজ রাজ্যে ফিরে গেলে প্রায় বিনা বাধায় সোনাপুরের রাজা মধুপুর দখল করে নেন।

ক. শশাঙ্ক কোন ধর্মের উপাসক ছিলেন? ১

খ. সেন শাসকদের ব্রহ্ম ক্ষত্রিয়' বলে মনে করা হয় কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত ঘটনা প্রাচীন বাংলার কোন ঘটনার প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সোনাপুরের রাজার ন্যায় বাংলার শাসক পরাজিত হয়েও বিশেষ কোনো ক্ষতির সম্মুখীন হননি- উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৩. ▶ নীপা তার বান্ধবীর বিয়েতে গ্রামে গেল। সে বিয়েতে গিয়ে দেখতে পেল সেখানকার নারী ও পুরুষ উভয়েই সুন্দর গহনা পরেছে। মহিলারা পায়ে আলতা, কপালে কুমকুম, গলায় হার ও আঙ্গুলে আংটি দিয়ে সেজেছে। বিয়েতে খাবার হিসেবে পরিবেশিত হয় ভাত, মাছ, মাংস, সবজি, দই, ক্ষীর ও মিষ্টি। খাবার পর মসলাযুক্ত পানও দেওয়া হয়।

http://teachingbd.com

ক. বৌদ্ধধর্মের প্রবর্তক কে ছিলেন? ১
খ. হিন্দুদের জাতিভেদ প্রথা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত পোশাক ও সাজসজ্জার সাথে বাংলার কোন যুগের মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'নীপার বান্ধবীর বিয়েতে পরিবেশিত খাবার আবহমান বাংলার খাদ্য তালিকার অন্তর্ভুক্ত'- উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৪. ▶ কাইউম তালুকদার ঢাকায় বসবাস করেন। গলাচিপায় তার প্রায় ৫০০ বিঘা জমি আছে। জমিজমা দেখাশোনার জন্য তিনি ম্যানেজার ও কিছু কর্মচারী নিয়োগ দেন। তারা প্রতিবছরের ইজারার টাকা আদায় করতে গিয়ে কৃষকদের ওপর নির্যাতন করে। ফলে কৃষকরা জমি চাষ করতে চায় না। অন্যদিকে কাইউম তালুকদারও নিয়মিত টাকা-পয়সা পান না। তাই তিনি জমিজমা ১৫ বছরের জন্য ইজারা দেন। পরবর্তীতে তারাই জমির স্থায়ী মালিক হন।

ক. 'ডাচ ইস্ট ইন্ডিয়া কোম্পানি কোন দেশের? ১
খ. 'ডেনিস ইস্ট ইন্ডিয়া কোম্পানি' কেন ভারতবর্ষ ত্যাগ করেন? ২
গ. উদ্দীপকের ঘটনা ব্রিটিশ ভারতের কোন ঘটনার প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উক্ত ইজারা ব্যবস্থা বাংলার কৃষকদের অর্থনৈতিক উন্নয়নে সহায়ক ছিল? তোমার মতামত দাও। ৪

৫. ▶ বাদল ব্যানার্জী বরিশাল অঞ্চলের জমিদার ছিলেন। তিনি বাণিজ্যিক উদ্দেশ্যে কৃষকদের ধানের পরিবর্তে জোর করে আখ চাষে বাধ্য করেন। কেউ আখ চাষে অস্বীকৃতি জানালে তাকে শারীরিক নির্যাতন করত। প্রথম দিকে জমিদার আখের চারার যোগান দিলেও পরবর্তীতে তা বন্ধ করে দেয়। দ্রব্যমূল্য বৃদ্ধির সাথে আখ চাষেও খরচ বাড়ে কিন্তু জমিদার এ বিষয়ে তেমন নজর দিত না। উপায়ান্তর না দেখে গ্রামে গ্রামে চাষিরা ঐক্যবদ্ধ হয়ে বিদ্রোহ করে। সারা বরিশালে এ বিদ্রোহের আগুন জ্বলে ওঠে। বিভিন্ন পত্রিকায় জমিদারের অত্যাচারের কাহিনী ছাপা হলে সরকার আখ কমিশন গঠন করেন।

ক. বেগম রোকেয়া কত সালে জন্মগ্রহণ করেন? ১
খ. রাজা রামমোহন রায়কে আধুনিক ভারতের রূপকার বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের কৃষকদের আন্দোলনের মধ্যে ব্রিটিশ ভারতের কোন আন্দোলনের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকে আখ চাষীদের ঐক্যবদ্ধ সংগ্রামের মত বাংলার কৃষকরাও ঐক্যবদ্ধ সংগ্রামে' সফল হয়েছিল'- উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬. ▶ দুর্গাপুর ও শেরপুর নিয়ে বিশাল জামালপুর ইউনিয়ন। চেয়ারম্যান সোহাগ হোসেন দুর্গাপুর অঞ্চলের অধিবাসী বলে ইউনিয়ন পরিষদ কার্যালয়, বাজার, বিভিন্ন এনজিও এবং শিক্ষাপ্রতিষ্ঠান সবই দুর্গাপুরে স্থাপন করেন। কিন্তু শেরপুরে তেমন কিছু গড়ে উঠেনি। ফলে শেরপুরের অর্থনৈতিক স্থাপন করেন। কিন্তু শেরপুরে তেমন কিছু গড়ে উঠেনি। ফলে শেরপুরের অর্থনৈতিক অবস্থা ক্রমে খারাপ হতে থাকে। উপজেলা চেয়ারম্যান জামালপুর ইউনিয়নকে দুই ভাগে ভাগ করে দেন। এর ফলে শেরপুরের জনগণ খুশি হতে পারেনি।

http://teachingbd.com

ক. ফরায়েজি আন্দোলনের নেতা কে? ১
খ. ১৮৫৭ সালের সংগ্রামকে ভারতের প্রথম স্বাধীনতার সংগ্রাম বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে জামালপুর ইউনিয়নের বিভক্তি পাঠ্যবইয়ের কোন ঘটনার প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ঘটনাটি বাংলার হিন্দু মুসলমানদের মধ্যে কি ধরনের প্রতিক্রিয়া করেছিল? বিশ্লেষণ কর। ৪

৭. ▶ কয়েক শত মাইল দূরে অবস্থিত রূপপুর থেকে শাসকগোষ্ঠী রসুলপুরকে শাসন ও শোষণ করতো। এ বিষয়টি রসুলপুরের সচেন নাগরিকরা মেনে নিতে পারে না। ফলে শাসকগোষ্ঠী নির্বাচন দিতে বাধ্য হয়। নির্বাচনে রসুলপুরের জনপ্রিয় দল ভোটে সংখ্যাগরিষ্ঠ আসন লাভ করে। আইন অনুযায়ী অধিক আসনে জয়লাভ করায় রসুলপুরের পরিচালনার ভার জনপ্রিয় দলের হাতে ন্যস্ত করা উচিত। কিন্তু রূপপুরের শাসকগোষ্ঠী ক্ষমতা ছেড়ে দিতে টালবাহানা করলে এক সশস্ত্র লড়াইয়ের মাধ্যমে রসুলপুর আলাদা হয়ে যায়।

ক. বাংলাদেশের জাতীয় সংগীতের রচয়িতা কে? ১
খ. মুক্তিযুদ্ধে প্রবাসী বাঙালিদের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে স্বাধীনতাপূর্ব কোন নির্বাচনের বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ে উক্ত নির্বাচনের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮. ▶ বরকতপুর উন্নয়ন সংস্থা একটি অর্থনৈতিক প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কিছু নিয়মনীতি তৈরি করা হয়। নিয়মগুলোর ৪টি ভাগ, ২৫টি অনুচ্ছেদ ছিল। ১ম ভাগে প্রতিষ্ঠানের কাজ লক্ষ্য ও উদ্দেশ্য, ২য় ভাগে প্রতিষ্ঠান পরিচালনার মূলনীতি, ৩য় ভাগে অপরাধের শাস্তি ও ৪র্থ ভাগে অন্যান্য বিষয়াবলি আলোচনা করা হয়েছে। এ নিয়মনীতিগুলো একটি লিখিত দলিল। এর ফলে বরকতপুর উন্নয়ন সংস্থা সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে এবং এলাকার উন্নয়নে অবদান রাখছে।

ক. বঙ্গবন্ধু কবে স্বদেশ প্রত্যাবর্তন করেন? ১
খ. প্রথম পাঁচশালা পরিকল্পনা আলোচনা কর। ২
গ. উদ্দীপকের বিষয়ের সাথে তোমার পাঠ্যবইয়ের যে বিষয়ের মিল রয়েছে তা জাতির আশা আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেছে-উক্তিটি মূল্যায়ন কর। ৩
ঘ. বরকতপুর উন্নয়ন সংস্থার নিয়মনীতির মত ৭২ সালের সংবিধানের মাধ্যমে জাতির আশা আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেছে- উক্তিটি মূল্যায়ন কর। ৪

৯. ▶ রাজু খাঁন দীর্ঘদিন 'ক' দেশে চাকরি করেন। সম্প্রতি দেশে আসলে ছেলে দিপু জিজ্ঞেস করল বাবা 'ক' দেশের জীবনযাপন প্রণালি কেমন ছিল? বাবা বলল, সেখানকার আইনের ব্যবহার খুবই চমৎকার। সে আইনে সকল মানুষ সমান আইনে মানুষের নিরাপত্তা, জানমাল রক্ষার ও মৌলিক অধিকার রক্ষার কথা বলা হয়েছে। তাদের আইনগুলো জানার জন্য তা সাইনবোর্ডে লিখে মহল্লায় ঝুলিয়ে দেওয়া হত। আইন মান্য করা প্রত্যেকের জন্য বাধ্যতামূলক ছিল।

ক. 'ইলিয়ড' ও 'ওডিসি' মহাকাব্যের রচয়িতা কে? ১
খ. সামরিক রাষ্ট্র স্পার্টার বর্ণনা দাও। ২
গ. 'ক' দেশের আইন প্রাচীন কোন সভ্যতার আইনে পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর 'ক' দেশের আইনের মত প্রাচীন সভ্যতার সেই আইনের উপর আধুনিক বিশ্ব নির্ভরশীল? মতামত দাও। ৪

http://teachingbd.com

# বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　　পূর্ণমান — ৪০　　　বিষয় কোড : ১ ৫ ৩

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. মুজিবনগর সরকার ১৯৭১ সালের কত তারিখে গঠিত হয়?
ক) ৪ এপ্রিল　খ) ৮ এপ্রিল
গ) ১০ এপ্রিল　ঘ) ১৭ এপ্রিল

২. বঙ্গবন্ধু জাতিসংঘের সাধারণ পরিষদের কততম অধিবেশনে প্রথমবারের মতো বাংলায় ভাষণ দেন?
ক) ২৬　খ) ২৭　গ) ২৮　ঘ) ২৯

৩. সংবিধানের ৮ম সংশোধনীর মাধ্যমে ইসলামকে রাষ্ট্রধর্ম ঘোষণা করেন কে?
ক) শেখ মুজিবুর রহমান　খ) জিয়াউর রহমান
গ) হুসেইন মুহাম্মদ এরশাদ
ঘ) বেগম খালেদা জিয়া

৪. মুজিবনগর সরকারের সদর দপ্তর কোলকাতায় স্থানান্তরিত করা হয় কেন?
ক) ভারত সরকারের আমন্ত্রণে
খ) পাকবাহিনীর হামলা থেকে রক্ষা পেতে
গ) সোভিয়েত ইউনিয়নের পরামর্শে
ঘ) শেখ মুজিবুর রহমানের নির্দেশে

৫. মধ্যযুগে কৃষি বাংলার অর্থনৈতিক সমৃদ্ধির মূল উৎস ছিল কারণ—
i. প্রকৃতির আশীর্বাদ　ii. ভূমির উর্বরতা
iii. ফলনের প্রাচুর্যতা
নিচের কোনটি সঠিক?
ক) i　খ) i ও ii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**অনুচ্ছেদটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**
হাসনাবানু রসুলপুর গ্রামে এক মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ঐ সময়ে পর্দা প্রথার জন্য মুসলিম নারীরা শিক্ষা ক্ষেত্রে পিছিয়ে ছিল। তিনি নিজ উদ্যোগে শিক্ষা লাভ করেন এবং নারী শিক্ষা প্রসারে অগ্রণী ভূমিকা পালন করেন।

৬. হাসনাবানুর চরিত্রে তোমার পাঠ্যবইয়ের কোন নারীর বৈশিষ্ট্য বিদ্যমান?
ক) ফয়জুন্নেসা　খ) শামসুন্নাহার
গ) বেগম রোকেয়া　ঘ) মুন্নুজান

৭. উক্ত নারীর প্রচেষ্টায় মুসলিম সমাজে কী পরিবর্তন আসে?
ক) নারী শিক্ষার প্রসার ঘটে
খ) নারীর অধিকার প্রতিষ্ঠিত হয় না
গ) নারীর অবস্থার অবনতি হয়
ঘ) পর্দাপ্রথা দূরীভূত হয়

**অনুচ্ছেদটি পড়ো এবং ৮ নং প্রশ্নের উত্তর দাও:**
আনিকার বিয়েতে আমন্ত্রিত অতিথিদের আপ্যায়নের জন্য কাবাব, রেজালা, কোর্মা ও ঘিয়ে রান্না করা খাবারের আয়োজন করা হয়।

৮. আনিকার বিয়ের অনুষ্ঠানে কোন যুগের খাবারের বৈশিষ্ট্য লক্ষ করা যায়?
ক) আর্যপূর্ব যুগের　খ) প্রাচীন যুগের
গ) মধ্যযুগের　ঘ) আধুনিক যুগের

৯. ১৫ই আগস্ট বাংলাদেশের ইতিহাসে কলঙ্কময় দিন কেন?
ক) জাতীয় চার নেতাকে হত্যা করার জন্য
খ) বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যা করার জন্য
গ) বুদ্ধিজীবীদের হত্যা করার জন্য
ঘ) মুক্তিযোদ্ধাদের হত্যা করার জন্য

১০. পৃথিবীর মানচিত্র প্রথম অঙ্কন করেন কারা?
ক) মিশরীয়রা　খ) গ্রিকরা
গ) রোমানরা　ঘ) সিন্ধুর অধিবাসীরা

১১. কোনটি ইতিহাসের অলিখিত উপাদান?
ক) সরকারি নথি　খ) গল্প কাহিনী
গ) শিলালিপি　ঘ) চিঠিপত্র

১২. 'প্রকৃতপক্ষে যা ঘটেছিল তার অনুসন্ধান ও সত্য বিবরণই ইতিহাস'- উক্তিটি কোন ঐতিহাসিকের?
ক) হেরোডোটাস　খ) র‍্যাপসন
গ) ড. জনসন　ঘ) লিওপোল্ড ফন্ র‍্যাংকে

১৩. গৌড়রাজ শশাংকের রাজধানী ছিল কোনটি?
ক) কর্ণসুবর্ণ　খ) বিক্রমপুর
গ) পুন্ড্রনগর　ঘ) চন্দ্রদ্বীপ

১৪. ইতিহাস পাঠ অত্যন্ত প্রয়োজনীয়, কারণ ইতিহাস-
i. জ্ঞানের বিস্তৃতি ঘটায়
ii. সচেতনতা বৃদ্ধিতে সহায়তা করে
iii. উদাহরণ হিসাবে উপস্থিত থাকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৫. প্রাচীনকালে তাম্রলিপ্ত নৌ-বাণিজ্যের কেন্দ্র ছিল, কারণ তাম্রলিপ্ত ছিল-
i. নৌ-চলাচলের জন্য আদর্শ বন্দর
ii. নদীর তীরে অবস্থিত
iii. রপ্তানিমুখী পণ্যের উৎপাদন কেন্দ্র
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**অনুচ্ছেদটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**
শরিফ স্যার গণিতের ক্লাসে ত্রিভুজের বিভিন্ন প্রকারভেদ নিয়ে আলোচনা করছিলেন। দশম শ্রেণির ছাত্র সিয়ামের মনে পড়ে যায় এক বিশেষ সভ্যতা কথা। যাদের তৈরিকৃত এক স্থাপত্য শিল্পের আকৃতিও ত্রিভুজের মতো।

১৬. সিয়ামের কোন সভ্যতার কথা মনে পড়ে?
ক) মিশরীয়　খ) গ্রিক　গ) সিন্ধু　ঘ) রোমান

১৭. উক্ত সভ্যতার লোকেরা ছিল—
i. ধর্ম দ্বারা প্রভাবিত　ii. একেশ্বরবাদের ধারক
iii. প্রথম পঞ্জিকার আবিষ্কার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**অনুচ্ছেদটি পড়ো এবং ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
তবকপুর অঞ্চলের শক্তিশালী শাসক আকাশ জামশেদপুর দখল করলেও জামশেদপুরের শাসক সুমনের নেতৃত্বে অন্যান্য অঞ্চলের শাসকরাও ঐক্যবদ্ধ হলে আকাশ তার কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে পারেনি।

১৮. সুমনের ভূমিকায় নিচের কোন জমিদারকে দেখতে পাই?
ক) মুসা খান　খ) ঈসা খান
গ) চাঁদ রায়　ঘ) বাহাদুর গাজী

১৯. বাংলার রাজধানী রাজমহল থেকে ঢাকায় স্থানান্তরের কারণ কি ছিল?
ক) ঢাকার আবহাওয়া ছিল বসবাসের উপযোগী
খ) জমিদারদের বশীভূত করার জন্য
গ) রাজমহল বসবাসের অযোগ্য ছিল
ঘ) ঢাকার মানুষের দাবি ছিল

http://teachingbd.com

২০. 'দান সাগর' বইটির লেখক কে?
(ক) বল্লাল সেন (খ) সন্ধ্যাকর নন্দী
(গ) ইন্দ্রগুপ্ত (ঘ) উমাপতি ধর

২১. এখন পর্যন্ত মোট কতটি চর্যাপদ পাওয়া গেছে?
(ক) ৪৫ (খ) ৪৬ (গ) ৪৭ (ঘ) ৪৮

২২. পারস্যের প্রখ্যাত কবি হাফিজের সাথে পত্রালাপ হতো কোন্ সুলতানের?
(ক) শামসুদ্দীন ইলিয়াস শাহ
(খ) গিয়াসউদ্দিন আজম শাহ
(গ) সিকান্দার শাহ
(ঘ) ফখরুদ্দিন মুবারক শাহ

২৩. ষাট গম্বুজ মসজিদের নির্মাতা কে?
(ক) খান জাহান আলী (খ) উলুখ খান জাহান
(গ) নুসরত শাহ (ঘ) ফতেহ শাহ

২৪. উয়ারী বটেশ্বরের আবিষ্কার প্রমাণ করে—
i. প্রাচীন বাংলার সভ্যতা ছিল গ্রামকেন্দ্রিক
ii. প্রাচীন বাংলার সভ্যতা ছিল নগরকেন্দ্রিক
iii. প্রাচীন বাংলা ছিল উন্নত সভ্যতার ধারক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. মধ্যযুগে বাংলার হিন্দু সমাজে এক বর্ণের সাথে অন্য বর্ণের বিবাহ নিষিদ্ধের অন্যতম প্রধান কারণ কোনটি?
(ক) ধর্মের নিষেধাজ্ঞা (খ) জাতিভেদ প্রথা
(গ) শাসকগোষ্ঠীর নিষেধাজ্ঞা
(ঘ) আর্থিক অসামঞ্জস্যতা

**অনুচ্ছেদটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:**
বহিরাগত 'ক' বংশের লোকেরা শিবগঞ্জে তাদের বসতি স্থাপন করেন। প্রথম জীবনে 'ক' বংশের লোকেরা ধর্মগুরু হিসাবে কাজ করলেও পরবর্তীতে তারা পেশা পরিবর্তন করেন এবং শিবগঞ্জে নিজেদের আধিপত্য বিস্তার করেন।

২৬. উদ্দীপকে 'ক' বংশের সাথে নিচের কোন রাজবংশের সাদৃশ্য রয়েছে?
(ক) বর্ম বংশ (খ) চন্দ্র বংশ
(গ) পাল বংশ (ঘ) সেন বংশ

২৭. উক্ত রাজবংশের সর্বশেষ শাসকের কর্মকাণ্ডের ফলে—
i. সাহিত্য চর্চা গতি পায়
ii. তাদের রাজত্ব হারায়
iii. অর্থনীতিতে গতিশীলতা আসে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**অনুচ্ছেদটি পড়ো এবং ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**
প্রাচীন এক জাতির নামানুসারে বাংলার এক জনপদের নামকরণ করা হয়। সাবিক তার নানার সাথে ঐ জনপদে বেড়াতে গিয়েছিল।

২৮. সাবিক প্রাচীন কোন জনপদে বেড়াতে গিয়েছিল?
(ক) পুণ্ড্র (খ) হরিকেল (গ) সমতট (ঘ) চন্দ্রদ্বীপ

২৯. আলীনগর সন্ধিতে নবাব সিরাজদ্দৌলার সম্মতির অন্যতম কারণ কোনটি?
(ক) রাজ্যের অভ্যন্তরীণ ষড়যন্ত্র
(খ) আলীবর্দী খানের সম্মানে
(গ) সামরিক কৌশল (ঘ) ফরাসিদের প্ররোচনা

৩০. চিরস্থায়ী বন্দোবস্ত কত সালে প্রবর্তিত হয়?
(ক) ১৭৭০ (খ) ১৭৭২ (গ) ১৭৮৬ (ঘ) ১৭৯৩

৩১. সন্ন্যাসীদের নেতার নাম কি ছিল?
(ক) মজনু শাহ (খ) ভবানী পাঠক
(গ) চেরাগ আলী শাহ (ঘ) মাদার বকশ

৩২. চট্টগ্রামের পাহাড়তলীতে 'ইউরোপীয়ান ক্লাব' আক্রমণে নেতৃত্ব দেন কে?
(ক) সূর্যসেন (খ) প্রীতিলতা ওয়াদ্দেদার
(গ) প্রফুল্ল চাকী (ঘ) বাঘা যতিন

৩৩. কার নেতৃত্বে 'তমদ্দুন মজলিস' গঠিত হয়?
(ক) ড. মুহম্মদ শহীদুল্লাহ (খ) অধ্যাপক আবুল কাসেম
(গ) অলি আহাদ (ঘ) ধীরেন্দ্রনাথ দত্ত

৩৪. রাজা রামমোহন রায়কে আধুনিক ভারতের রূপকার বলা হয়, কারণ তিনি—
i. সংস্কৃত শিক্ষার বদলে আধুনিক শিক্ষার প্রতি গুরুত্ব দেন
ii. কুসংস্কারমূলক সমাজ গঠনে কাজ করেন
iii. ব্রিটেন থেকে ভারতের জনগণকে আধুনিক চিন্তার পরামর্শ দেন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৫. ১৮৫৭ সালের সিপাহি বিপ্লবের তাৎপর্য কি ছিল?
(ক) কোম্পানি শাসনের অবসান ঘটে
(খ) কোম্পানি শাসনের স্থায়িত্ব বৃদ্ধি পায়
(গ) মুসলমানরা জয়লাভ করে
(ঘ) ইংরেজ শাসনের অবসান ঘটে

**অনুচ্ছেদটি পড়ো এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও:**
মি. জনসন, ফুলপুর অঞ্চলে ব্যবসা করতে এসে জমিদারের দুর্বলতার কারণে তাকে উৎখাত করেন। জমিদারের লাঠিয়াল বাহিনীর প্রধানকে ক্ষমতায় বসিয়ে জনসন আড়াল থেকে শাসনকার্য পরিচালনা করেন। জনসন ও তার ব্যবসায়ী প্রতিষ্ঠান সমস্ত অর্থনৈতিক সুবিধা ভোগ করে এবং এক বিশেষ শাসনব্যবস্থার প্রবর্তন করেন।

৩৬. মি. জনসনের কর্মকাণ্ডে ইতিহাসের কোন ব্যক্তির কর্মকাণ্ডের প্রতিফলন ঘটেছে?
(ক) লর্ড কর্নওয়ালিস (খ) ওয়ারেন হেস্টিংস
(গ) লর্ড কার্জন (ঘ) রবার্ট ক্লাইভ

৩৭. উক্ত ব্যক্তির বিশেষ শাসন পদ্ধতির ফলে—
i. কৃষি অর্থনীতি ভেঙে পড়ে
ii. ভয়াবহ খাদ্য সংকট দেখা দেয়
iii. অনেক লোকের মৃত্যু ঘটে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**অনুচ্ছেদটি পড়ো এবং ৩৮ নং প্রশ্নের উত্তর দাও:**
সুলায়মান এলাকার অর্থশালী ব্যক্তি হলেও জীবনযাত্রা সাধারণ মানের। তিনি তার সম্পদ এলাকার দরিদ্র মানুষের শিক্ষা, স্বাস্থ্যসহ নানা জনহিতকর কাজে দান করেন।

৩৮. সুলায়মান কোন মহান মনীষীর আদর্শে অনুপ্রাণিত?
(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (খ) রাজা রামমোহন রায়
(গ) হাজী মুহম্মদ মহসীন (ঘ) সৈয়দ আমীর আলী

৩৯. শেখ মুজিবুর রহমান ছয়দফা কর্মসূচি ঘোষণা করেছিলেন কেন?
i. ঔপনিবেশিক শাসন থেকে মুক্তির জন্য
ii. বৈষম্যের হাত থেকে মুক্তির জন্য
iii. পূর্ব পাকিস্তানের নিরাপত্তার জন্য
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৪০. ঢাকার কোন স্থানের জনসভায় শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়?
(ক) রেসকোর্স ময়দানে (খ) ঢাকা বিশ্ববিদ্যালয়ে
(গ) ভিক্টোরিয়া পার্কে (ঘ) লালবাগ কেল্লায়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | গ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | গ | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ক |
| | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | খ | ৩২ | খ | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | ক | ৩৬ | ঘ | ৩৭ | ঘ | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | ক |

http://teachingbd.com